



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/19/2021

গভর্নর ক্যাথি হোচুল

স্টেট এবং স্থানীয় সরকারে স্বচ্ছতা মজবুত করার জন্য গভর্নর হোচুল দুটি নতুন আইনে স্বাক্ষর করেছেন

আইন (S.1150-A/A.1228-A) অনুযায়ী ওপেন মিটিংয়ে যেসব ডকুমেন্ট নিয়ে আলোচনা করা হবে, সেগুলি মিটিংয়ের 24 ঘণ্টা আগে উপলভ্য করতে হবে

আইন (S.4625-A/A.1442-B) অনুযায়ী MTA-কে ওপেন ডেটা ফরম্যাটে ডেটা পাবলিশ করতে হবে, যা জনসাধারণ সহজে অ্যাক্সেস এবং ডাউনলোড করতে পারেন

স্টেট এবং স্থানীয় সরকারে স্বচ্ছতা মজবুত করার জন্য গভর্নর ক্যাথি হোচুল আজ দুটি নতুন আইনে স্বাক্ষর করেছেন। প্রথম আইন অনুযায়ী যেসব ডকুমেন্ট নিয়ে কোনও ওপেন মিটিংয়ে আলোচনা হবে, সেগুলিকে মিটিংয়ের অন্তত 24 ঘণ্টা আগে সরকারি ওয়েবসাইটে পোস্ট করতে বা উপলভ্য করার জন্য অনুরোধ করতে হবে। দ্বিতীয় আইন অনুযায়ী MTA-কে নিজেদের ফরম্যাট অনুযায়ী ডেটা পাবলিশ করতে হবে, যাতে জনসাধারণ সহজে অ্যাক্সেস এবং ডাউনলোড করতে পারেন।

"সরকার বিভিন্ন বিষয়ে কী পদক্ষেপ নিচ্ছে, সে ব্যাপারে নিউ ইয়র্কবাসীদেরকে অন্ধকারে রাখার পিছনে কোনও যুক্তি নেই এবং সেই জন্য প্রথম থেকেই আমরা স্বচ্ছতার ওপর গুরুত্ব আরোপ করেছি," বলেছেন গভর্নর হোচুল। "এই গুরুত্বপূর্ণ আইনগুলির কারণে গুরুত্বপূর্ণ স্থানীয় সরকারি ডকুমেন্ট এবং MTA ডেটা জনসাধারণের জন্য পড়া এবং ব্যবহারের জন্য যথাযথভাবে উপলভ্য করতে হবে। সরকার প্রতিদিন কী করছে সে ব্যাপারে নিউ ইয়র্কবাসীদের ওয়াকিবহাল থাকা উচিত। সংশ্লিষ্ট তথ্যগুলি তাদের সহজে পাওয়ার ব্যবস্থা করতে হবে।"

ওপেন মিটিংয়ের আগে ডকুমেন্ট উপলভ্য করতে হবে (S.1150-A/A.1228-A)

এই আইন অনুযায়ী ওপেন মিটিংয়ে যেসব ডকুমেন্ট নিয়ে আলোচনা হবে, সেগুলিকে মিটিংয়ের অন্তত 24 ঘণ্টা আগে উপলভ্য করতে হবে। ওপেন মিটিং আইনের উদ্দেশ্য হল সরকারি সংস্থাগুলির মিটিংয়ের অ্যাক্সেসিবিলিটির মাধ্যমে জনসাধারণকে ক্ষমতা প্রদান করা। এই আইন অনুযায়ী কোনও প্রস্তাবিত আইন, রেগুলেশন বা রেজলুশনের মতো প্রাসঙ্গিক সরকারি নথিকে জনসাধারণের জন্য উপলভ্য করতে হবে। তবে বর্তমান আইন অনুযায়ী "কেবলমাত্র এজেন্সি বা ডিপার্টমেন্টের বিবেচনাক্রমে" মিটিংয়ের আগে ডকুমেন্ট উপলভ্য করা যেতে পারে। এই কারণে কিছু সরকারি সংস্থা সংশ্লিষ্ট মেটিরিয়ালগুলি মিটিংয়ের আগে উপলভ্য করতে পারছে না, যার দরুন স্বচ্ছতায় খামতি থেকে যাচ্ছে। এই আইন অনুযায়ী কোনও

প্রস্তাবিত রেজলুশন, আইন, নিয়ম, রেগুলেশন, নীতি বা সংশোধনী অনুরোধ অনুযায়ী উপলভ্য করতে হবে এবং কোনও ওপেন মিটিংয়ে আলোচনার অন্তত 24 ঘণ্টা আগে সংশ্লিষ্ট সংস্থার ওয়েবসাইটে পোস্ট করতে হবে, যাতে ওই গুরুত্বপূর্ণ ডকুমেন্টগুলি আগেভাগে জনসাধারণের অ্যাক্সেসের নাগালের মধ্যে থাকে।

সেনেটর আন্না এম. কাপালান বলেন, "আমাদের গণতন্ত্রের ভিত হল ওপেন মিটিংয়ে জনসাধারণের অংশগ্রহণ এবং জনপ্রতিনিধিদের মাধ্যমে জনগণকে নিজেদের সমস্যা সম্পর্কে বলতে দেওয়ার সুযোগ দেওয়া প্রয়োজন। এই প্রক্রিয়াতে জনগণের অংশগ্রহণের সুযোগ পাওয়ার জন্য কোনও মিটিংয়ের আগে তাদের কাছে সংশ্লিষ্ট মেটিরিয়ালের অ্যাক্সেস থাকা জরুরি। তবে দুর্ভাগ্যক্রমে নিউ ইয়র্ক স্টেটের অধিকাংশ সরকারি সংস্থা এই গুরুত্বপূর্ণ কাজটি এড়িয়ে যাচ্ছে আমাদের বর্তমান আইনী দুর্বলতার কারণে। তবে এবার সময় এসেছে আমরা সবাই যেন স্টেটের সমস্ত সরকারি সংস্থায় একটি সাধারণ, বোধগম্য নীতি অনুসরণ করি এবং এই সহজ একটি আইন প্রণয়নের মাধ্যমে তা সম্ভব হবে। উন্নত সরকারি পরিষেবা প্রদানের জন্য এই গুরুত্বপূর্ণ পদক্ষেপে আমাকে সাহায্য করার জন্য অ্যাসেম্বলিউম্যান এমি পলিন সহ অন্যদের কাছে আমি কৃতজ্ঞ এবং আরও উন্মুক্ত এবং স্বচ্ছ স্টেট গভর্নমেন্ট গড়ে তুলতে গভর্নর ক্যাথি হোচুলের লড়াকু নেতৃত্বকে ধন্যবাদ জানাতে চাই।"

সহজে অ্যাক্সেস করা যায় এমন ফরম্যাটে MTA-কে ডেটা পাবলিশ করতে হবে (S.4625-A/A.1442-B)

এই আইন অনুযায়ী MTA-কে ওপেন ফরম্যাটে ডেটা পাবলিশ করতে হবে, যাতে তা জনসাধারণ সহজে অ্যাক্সেস, ডাউনলোড এবং ব্যবহার করতে পারেন। MTA-কে একজন ডেটা কোঅর্ডিনেটর নিয়োগ করতে হবে এবং তিন বছরের মধ্যে যত ডেটা আছে তা 180 দিনের মধ্যে পাবলিশ করতে হবে। এই বিলে এগজিকিউটিভ অর্ডার নং. 95 অব 2013 অনুযায়ী, "স্বচ্ছতার প্রচার, সরকারের পারফরম্যান্সে উন্নতি এবং জনসাধারণের অংশগ্রহণ বৃদ্ধি করতে" এটি আইনে পরিণত করা হয়েছে।

সেনেটর লিরয় কোমরি বলেন, "হাজার হাজার ডলারের বিনিয়োগ, কর্মসংস্থানের জন্য দায়িত্ব রয়েছে আমাদের স্টেটের বৃহত্তম পাবলিক অথরিটির ওপর এবং আমাদের অর্থনীতিতে উন্নতির একটি বড় দিক হল বিশ্বাসযোগ্যতা এবং দায়বদ্ধতা। MTA এর ফাইন্যান্স, চুক্তি এবং সামগ্রিক পারফরম্যান্সের মূল্যায়নের আরও সহজতর উপায় খোঁজার ক্ষেত্রে একটি সঠিক পদক্ষেপ হল MTA ওপেন ডেটা অ্যাক্ট। MTA এবং জনসাধারণের মধ্যে যে বিশ্বাসের ঘাটতি আছে তা পূরণ করার জন্য স্বচ্ছতা প্রয়োজন। এই আইনের জন্য আমি ট্রান্সপোর্টেশন অ্যাডভোকেট এবং আমার সহকর্মীদের গুরুত্বপূর্ণ যোগদানের জন্য ধন্যবাদ জানাতে চাই এবং এটিকে আইনে পরিণত করার জন্য গভর্নর হোচুলকে কৃতজ্ঞতা জানাতে চাই।"

অ্যাসেম্বলির সদস্য রবার্ট কারোল বলেন, "MTA ওপেন ডেটা অ্যাক্ট স্বাক্ষর করার জন্য আমি গভর্নর হোচুলের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করতে চাই। আজকের স্বাক্ষরের মাধ্যমে এবার জনসাধারণের স্বার্থে MTA-কে ডেটা প্রকাশ করতে হবে। দ্য MTA ওপেন ডেটা অ্যাক্টের মাধ্যমে MTA লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসীর কাছে আরও স্বচ্ছ এবং দায়বদ্ধ হয়ে উঠবে, যারা দৈনন্দিন জীবন যাতায়াতের জন্য সাবওয়ে, বাস, ট্রেন ব্যবহার করেন।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)